গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৮.২৭.০০১.১৮-৫৮১ তারিখঃ ০৫/০৭/২০১৮খ্রিঃ

বিষয়ঃ গাইবান্ধা জেলাধীন সুন্দরগঞ্জ উপজেলার ধর্মপুর এস.আই.ডি ভোকেশনাল স্কুলের এসএসসি(ভোক) শাখার সুপারিনটেনডেন্ট পদে জনাব মোছাঃ আঞ্জুমান আরা বেগম-এর শিক্ষাগত যোগ্যতার ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং(কম্পিউটার) সনদ ভূয়া/জালিয়াতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলাধীন সুন্দরগঞ্জ উপজেলার ধর্মপুর এস.আই.ডি ভোকেশনাল স্কুলের এসএসসি(ভোক) শাখার সুপারিনটেনডেন্ট পদে জনাব মোছাঃ আঞ্জুমান আরা বেগম-এর এমপিও ভুক্তির আবেদন অত্র দপ্তরে পাওয়া যায়। তার আবেদন যাচাই-বাছাই করে এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করা হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক তার দাখিলকৃত সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং সনদ কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৭.০৩.০০০০.০৯২.২০১৬-১৩০ তারিখঃ ১৩/০২/২০১৭খ্রিঃ মোতাবেক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক যাচাই এর জন্য প্রেরণ করা হয়।

২। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-বাকাশিবো/উপ-পঃ নিঃ(সনদ)/২০১৭/২৫১৩ তারিখঃ ০১/০৩/২০১৭খ্রিঃ মূলে সনদ (সিরিঃ নং-০৮০১০৫৯, রেজি ঃ ২৯৯২৯৭, রোলঃ ১৪০১০৯, পাশের সন ২০০৮খ্রিঃ) যাচাই করে ভূয়া/জালিয়াতি মর্মে প্রতিবেদন প্রেরণ করেন।

৩। জনাব মোছাঃ আঞ্জুমান আরা বেগম-এর এমপিও ভুক্তির আবেদন বিষয়ে তথ্যের গড়মিল থাকায় তা যাচাইয়ের কাজে সহযোগিতার জন্য অত্র দপ্তর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯২.৩১.১৭-২০০ তারিখঃ ০৬/০৩/২০১৭খ্রিঃ মূলে পত্র প্রেরণ করা হয়। এ সংক্রান্ত পত্রের বিষয়ে তিনি নির্ধারিত তারিখে উপস্থিত থেকে যাচাইকাজে কোন সহযোগিতা করেননি। যা অসদাচরনের সামিল।

৪। পরবর্তীতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯৪.৩১.২০১৭-২৪৪(০৭) তারিখঃ ২৩/০৩/২০১৭খ্রিঃ মোতাবেক তাঁর বেতন-ভাতা বন্ধসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কেন ফৌজদারী কার্যবিধি অনুযায়ী মামলা করা হবে না সে বিষয়ে ব্যাখ্যা চেয়ে পত্র প্রেরণ করা হয়।

৫। কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডকেট নং-৬৭৯/১৮ তারিখঃ ১৬/০৫/২০১৮খ্রিঃ, ৬৮৯/১৮, ৬৯০/১৮ তারিখঃ ১৭/০৫/২০১৮, ৭০৮/১৮, ৭০৯/১৮ তারিখঃ ২৮/০৫/২০১৮খ্রিঃ মূলে অবৈধ সনদের মাধ্যমে বিএড স্কেল প্রাপ্তির ২ মাস পর এমপিও শীট সৃজন করে টাইমস্কেল গ্রহণ ও সুপারিনটেনডেন্ট স্বামী মোঃ সাইফুল ইসলাম জাল ডিপ্লোমা সনদের মাধ্যমে চাকুরী অব্যাহতিকৃত ট্রেড ইন্সট্রাক্টর, মোঃ হিলফুল ইসলাম এর নামের স্থলে এমপিও শীট সংশোধন করে সরকারী টাকা আত্মসাৎ, মোঃ রাশেদুল ইসলাম, নৈশ প্রহরী এবং মোঃ মাহিদুল ইসলাম, ল্যাব/সপ সহকারী এর অবৈধভাবে বেতন-ভাতা বন্ধ করণের অভিযোগ পাওয়া গেছে।

৬। কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডকেট নং-৬৭৬/১৮ তারিখঃ ১৬/০৫/২০১৮খ্রিঃ মোতাবেক সুপারিনটেনডেন্ট পদে নিয়োগের জন্য মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি চেয়ে উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা জনাব এস.এম গোলাম কিবরিয়া কর্তৃক অগ্রনীত একটি আবেদন পাওয়া যায়। উক্ত আবেদন যাচাইকালে উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধভ এর স্বাক্ষর টেম্পারিং বলে সন্দেহ হলে টেলিফোনে তার সাথে যোগাযোগ করলে উপজেলা নির্বাহী অফিসার সুন্দরগঞ্জ, গাইবান্ধা বলেন যে, সে এ ধরনের কোন কাগজ অগ্রণিত করেননি। পরবর্তীতে ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করা হলে তিনি স্মারক নং-০৫.৫৫.৩২৯১.০২২.০১.০৩০.১৮-৪৭১ তারিখঃ ৩০/০৫/২০১৮খ্রিঃ মোতাবেক একটি পত্র প্রেরণ করেন। উক্ত পত্রে সুপারিনটেনডেন্ট নিয়োগ সংক্রান্ত কোন আবেদন, রেজুলেশন পত্র বা কোন উদ্যোগ তার কার্যালয় হতে গ্রহণ করা হয় নাই-মর্মে উল্লেখ করেন এবং সুপারিনটেনডেন্ট হিসেবে দায়িত্ব পালনকারী জনাব মোছাঃ আঞ্জুমান আরা বেগম এর অপরাধমূলক কর্মকান্ডের জন্য তার বিরুদ্ধে প্রয়োজনীয় বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানের এসএসসি(ভোক) শাখার সুপারিনটেনডেন্ট জনাব মোছাঃ আঞ্জুমান আরা বেগম ভূয়া/জাল সনদের মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হওয়া ২ জন কর্মচারীর বেতন-ভাতা বন্ধকরণ, কারিগরি শিক্ষা অধিদপ্তরের কার্যকলাপে সহযোগীতা না করা, এমপিও শীট সংশোধন করে তার স্বামীর নামে সরকারী টাকা আত্মসাৎ ও উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা জনাব এসএম গোলাম কিবরিয়া এর স্বাক্ষর জাল করে সুপারিনটেনডেন্ট পদে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি পত্র টেম্পারিংসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে এই অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হল।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

স্বাক্ষরিত/-
(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

জনাব মোঃ জহুরুল ইসলাম,
সহকারী পরিচালক(এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৮.২৭.০০১.১৮-৫৮১(১০) তারিখঃ ০৫/০৭/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
২। উপসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৫। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৬। সভাপতি, ধর্মপুর এস.আই.ডি ভোকেশনাল স্কুল, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৭। প্রধান শিক্ষক, ধর্মপুর এস.আই.ডি ভোকেশনাল স্কুল, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সংরক্ষণ নথি।

(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক(এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা